চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৫ মে ২০১৮খ্রি.

৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠান জনগণের স্বার্থ সংরক্ষনের মাধ্যমে তাদের মন জয় করে দলের বিজয়কে নিশ্চিত করতে হবে

৩৮নং দক্ষিণ মধ্যম ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেন, জনগণের স্বার্থ সংরক্ষনের মাধ্যমে তাদের মন জয় করে দলের বিজয়কে নিশ্চিত করতে হবে। আওয়ামীলীগ এ দেশের গণ মানুষের সংগঠন। এ সংগঠনের নেতাকর্মীরা সাধারণ মানুষের মনের আকুতি ও হৃদয়ের স্পন্দন বুঝতে পারে বলেই তাদের কল্যাণে জীবন বাজি রেখে কাজ করে যাচ্ছে। তিনি তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করে আসন্ন নির্বাচনে দলকে বিজয়ী করার জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুতি নিতে আহ্বান জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছে। তাঁর নেতৃত্বে জল, স্থল ও আকাশ পথে বাংলাদেশের বিজয় এসেছে। বাংলাদেশ আজ বিশ্বে মর্যাদার আসনে অধিষ্ঠিত হয়েছে। জননেত্রী শেখ হাসিনা বিশ্বনেত্রী হিসেবে স্বীকৃতি অর্জন করেছে। এ দেশে স্বাধীনতা বিরোধী ও রাষ্ট্রিয় সম্পদ লুন্ঠনকারী,সন্ত্রাসীদের গডফাদারদের আর কোন দিন স্থান হবে না। পরাজিত শক্তি যাতে এদেশের রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হতে না পারে সেদিকে নেতাকর্মীদের অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করতে হবে। মেয়র বলেন, দূর্দিন দুঃসময়ে এবং সংগঠনের কঠিন সময়ে যারা মুজিব আদর্শকে বুকে ধারন করে গণতন্ত্রের জন্য স্বৈরাচার সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ভূমিকা পালন করেছে তাদেরকে নতুন সদস্য মনোনীত করতে হবে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, বিশ্বাস ঘাতক, চরিত্রহীন, লম্পট ও মাদকাসক্তরা দেশ ও জাতির দুশমন। এ জাতীয় চরিত্রের কোন ব্যক্তি বাংলাদেশ আওয়ামীলীগে স্থান নেই। সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, সুসময়ে নেতাকর্মী সেজে যারা দলকে বিপথে পরিচালিত করার সুযোগ খোঁজে তাদেরকে সদস্য করার কোন সুযোগ নেই। যাচাই-বাছাই করে খাটি আদর্শের কর্মী খুঁজে বের করে নতুন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। ১৫ মে ২০১৮খ্রি. মঙ্গলবার, বিকেলে লিলি কমিউনিটি সেন্টারে ৩৮নং দক্ষিন মধ্যম হালিশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ সব কথা বলেন। অনুষ্ঠানে ৩৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ হাসান মুরাদ এর সভাপতিত্বে ও সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ হাসানের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন।

এতে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক জহুর আহমদ, নির্বাহী সদস্য নুরুল আলম, কাউন্সিলর গোলাম মোহাম্মদ চৌধুরী, কামরুল হাসান বুলু, রোটারিয়ান মো. ইলিয়াছ, সাইফুদ্দিন খালেদ বাহার, শাহনেওয়াজ চৌধুরী, ৩৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি হাজী ইদ্রিস মিয়া, ৩৭নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবদুল মান্নান, আবু তাহের, মোরশেদ আলম, হাজী হাসান মুন্না, কামরুল হোসেন, সালাউদ্দিন, হাজী আবু নাছের, যুগ্ম সাধারণ সম্পাদক মো. কামাল উদ্দিন, এস এম বরকত উল্লাহ, এস এম ফারুক, সাহেদ বশর ও দিদারুল আলম।

কর্মী সম্মেলন ও সদস্য নবায়ন অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি সাবেক ছাত্রনেতা আলহাজ্ব খোরশেদ আলম সুজন বলেন, ১৯৭১ সনে যারা স্বাধীনতার বিরুদ্ধে, বঙ্গবন্ধু ও আওয়ামীলীগের বিরুদ্ধে অবস্থান নিয়ে পাকিস্তানীদের পক্ষ অবলম্বন করে এ দেশের মা-বোনের ইজ্জ্বত হরণ, হত্যা, গণহত্যা, অগ্নিসংযোগ ও মানবতা বিরোধী অপকর্মে লিপ্ত ছিল তাদের কোন সন্তান বা অনুসারী সদস্য নবায়ন ও নতুন সদস্য হয়ে যাতে দলে অনুপ্রবেশ করতে না পারে সেদিকে নেতাকর্মীদের সজাগ দৃষ্টি রাখতে হবে। মনে রাখতে হবে খাটি আদর্শবান নেতাকর্মী ছাড়া দলের ভাবমূর্তি সুরক্ষা এবং রাষ্ট্রীয় ক্ষমতা পরিচালনা করা সম্ভব নয়। অনুষ্ঠান শেষে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও উর্ধ্বতন নেতৃবৃন্দের হাতে সদস্য ফরম তুলে দেন।

চট্টগ্রাম- ১৫ মে ২০১৮ খ্রি.

কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজে কৃতি শিক্ষক সংবর্ধনা,নবীণ বরণ ও বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র বাংলাদেশ সমুদ্র জয়ের পর মহাকাশও জয় করেছে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশ সমুদ্র জয়ের পর মহাকাশও জয় করেছে। সমুদ্রকে নীল অর্থনীতির মাধ্যমে দেশের উন্নয়নে কাজে লাগাতে সরকার চট্টগ্রামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় স্থাপন করছে। এ বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর ৬ হাজার শিক্ষার্থী সমুদ্র জয়ের সুফল বাংলাদেশের জন্য বয়ে আনবে। তিনি বিশ্বাস করেন বর্তমান শিক্ষার্থীদের হাত ধরে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে উন্নিত হবে। এ প্রসঙ্গে মেয়র বলেন, সকল শিক্ষক তাদের শিক্ষার্থীদের নিজ সন্তানের মমতায় শিক্ষা দিতে হবে এবং তাদেরকে দেশপ্রেমে উদ্‌বুদ্ধ করতে হবে। যাতে তারা উন্নত বিশ্বের সাথে পাল্লা দিয়ে সামনে এগুতে সক্ষম হয়। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আমি স্বচ্ছতা, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে দায়িত্ব পালন করি। আমি মুসলমান। অন্য ধর্মের প্রতিও আমার শ্রদ্ধা ও সম্মান বোধ আছে। সেই হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে এবং শিক্ষা প্রতিষ্ঠানে দায়িত্বশীল সকলকে স্বচ্ছতা, সততা ও জবাবদিহিতার ভিত্তিতে দায়িত্ব পালন করতে হবে। যাতে চসিকের সুনাম ও সুখ্যাতি বৃদ্ধি পায়। তিনি কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের শিক্ষার গুনগত

মান উন্নয়নের উপর জোর দিয়ে বলেন, এ কলেজের শিক্ষার স্বার্থে নতুন একটি ৬ তলা ভবন নির্মাণ করা হবে। ১৫ মে ২০১৮ খ্রি., মঙ্গলবার কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের কৃতি শিক্ষক সংবর্ধনা,নবীণ বরণ ও বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। কলেজ ক্যাম্পাসে দুপুরে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন। বিশেষ অতিথি ছিলেন ১৬ নং চকবাজার ওয়ার্ড কাউন্সিলর সাইয়্যেদ গোলাম হায়দার মিন্টু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আঞ্জুমান আরা বেগম, কলেজ পরিচালনা কমিটির সদস্য মঞ্জুর হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোয়ার জাহান বেগম। অনুষ্ঠানে অত্র শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক মাহবুবা ইয়াসমিন এবং জাতীয় সঙ্গীত প্রতিযোগিতায় জাতীয়ভাবে দ্বিতীয় স্থান অর্জণকারী কাপাসগোলা সিটি কর্পোরেশন কলেজের শিক্ষার্থী এবং ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে ক্রেস্ট ও পুরষ্কার তুলে দেন প্রধান অতিথি মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম- ১৫ মে ২০১৮ খ্রি.

ভ্রাম্যমান আদালত ও ক্রোকী পরোয়ানার মাধ্যমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বকেয়া গৃহকর আদায় কার্যক্রম অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ১৫ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে ২৪নং ওয়ার্ডের উত্তর আগ্রাবাদ মহল্লার হোল্ডিং নং-২৩৭৩/৪০৪৬ এর বর্তমান মালিকের বকেয়া ও হাল সনের পৌরকর বাবদ ৫ লক্ষ ৪৯ হাজার ৬ শত ৩৭ টাকা আদায়ের জন্য সংশ্লিষ্ট রাজস্ব সার্কেলের কর আদায়কারী ও কর কর্মকর্তাগণ বার বার তাগাদা দেয়া সত্তে¡ও বকেয়া পৌরকর পরিশোধ না করায় ক্রোকি পরোয়ানা জারি পূর্বক মোবাইল কোর্ট এর মাধ্যমে উল্লেখিত বকেয়া পৌরকরের মধ্যে নগদ ২০ হাজার টাকা এবং অবশিষ্ট ৫ লক্ষ ২৯ হাজার ৬শত ৩৭ টাকা ইসলামী ব্যাংক বাংলাদেশ লি: আগ্রাবাদ শাখার চেক মূলে আদায় করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল ৭ এর কর কর্মকর্তা জানে আলম, উপ কর কর্মকর্তা আবদুল কাদের, মো. হাসান, জয় প্রকাশ সেন, বিপ্লব কুমার চৌধুরী, ক্রোকি কর্মকর্তা মো. জয়নাল আবেদীনসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ১৫ মে ২০১৮ খ্রি.

উপ নির্বাচনে নির্বাচিত ৩৬ নং ওয়ার্ড কাউন্সিলর এর দায়িত্বভার গ্রহণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর মো. হাবিবুল হক গত ১৮ ডিসেম্বর ২০১৭ খ্রি. মৃত্যুজণিত কারণে অত্র ওয়ার্ডের কাউন্সিলর পদ শুন্য হয়। গত ২৯ মার্চ ২০১৮ খ্রি. অনুষ্ঠিত উপ নির্বাচনে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে সাবেক কমিশনার ও কাউন্সিলর মো. জাহাঙ্গীর আলম চৌধুরী

নির্বাচিত হন। গত ১০ মে ২০১৮ খ্রি. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিকট তিনি শপথ গ্রহণ করেন। গত ১৩ মে জনাব জাহাঙ্গীর আলম চৌধুরী দায়িত্ব গ্রহণ করেন। তাঁর দায়িত্ব গ্রহণ উপলক্ষে ১৩ মে ২০১৮ খ্রি. রবিবার, বিকেলে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডের বেচাশাহ জামে মসজিদের নিচতলায় সুধি সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি ছিলেন। সুধি সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে কাউন্সিলর পদে উপ নির্বাচনে দলীয় কোন প্রার্থীকে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ মনোনয়ন না দেয়া সত্বেও একজন সাংসদ নির্বাচনী আচরণবিধি লংঘন করে নগ্নভাবে নির্বাচনকে প্রভাবিত করার প্রচেষ্টা চালিয়েছিল। যা গ্রহণযোগ্য ছিল না। মেয়র বলেন, অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠ নির্বাচনের মধ্য দিয়ে জনগণের ভোটে নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরী শপথ গ্রহণ করে আজ দায়িত্ব গ্রহণ করল। তার উপর জনগণের আস্থা ও বিশ্বাস ছিল বলেই তিনি ৪র্থ বারের মত কাউন্সিলর পদে নির্বাচিত হয়েছেন-যা বিরল ঘটনা। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় উন্নয়ন ও সেবাধর্মী কাজ নির্বাচিত কাউন্সিলর এর মাধ্যমে সম্পাদিত হবে এ ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। নির্বাচিত প্রতিনিধি হিসেবে দায়বদ্ধতা থেকে তাকে জনগণের সেবা শতভাগ তাদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। মেয়র বলেন, আগামী ২ বছর জাহাঙ্গীর আলমের মাধ্যমে ৩৬ নং গোসাইলডাঙ্গা ওয়ার্ডে উন্নয়ণ,পরিচ্ছন্নতা, আলোকায়ন, শিক্ষা ও স্বাস্থ্য সেবা পরিচালিত হবে। এসময়ের মধ্যে অত্র ওয়ার্ডের অলিগলি রাজপথ শতভাগ উন্নয়ন সহ আলোকিত করা হবে। তিনি এলাকাবাসী সকলকে সেবা ও উন্নয়নের কাজে সহযোগিতার আহবান জানান।
সুধি সমাবেশে সভাপতিত্ব করেন নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরী। সুধি সমাবেশে বক্তব্য রাখেন আওয়ামীলীগ নেতা জসিম উদ্দিন চৌধুরী,নিধু পালিত, নুর হোসেন, যুবলীগের সাধারণ সম্পাদক টিসু মল্লিক, বন্দর ট্রাক মালিক এসোসিয়েশনের যুগ্ম সাধারন সম্পাদক আবু তালেব সোহেল, এসকান্দর ফারুক, এনতাজ মিয়া, হাজী সিরাজদৌল্লা, ফিরোজ মিয়া, নূরউদ্দিন জাহেদ রাজু, মো. ওয়াহিদ, ছাত্রলীগ নেতা মো. সাদ্দাম হোসেন, তমিজুর রহমান, মো. ফরিদ। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন বেচাশাহ মসজিদের খতিব আলহাজ্ব মুজিবর রহমান। অনুষ্ঠান পরিচালনা করেন ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক টিসু মল্লিক। অনুষ্ঠানে মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ,মোরশেদ আলম,নুরুন নবী লিটন সহ আওয়ামীলীগ,আওয়ামীযুবলীগ, ছাত্রলীগ সহ নানা শ্রেনী ও পেশার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশের পর মেয়র নির্বাচিত কাউন্সিলর জাহাঙ্গীর আলম চৌধুরীকে সাথে নিয়ে ওয়ার্ড কার্যালয় উদ্বোধন শেষে তাকে দায়িত্ব বুঝিয়ে দেন।

চট্টগ্রাম- ১৫ মে ২০১৮খ্রি.

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের তথ্য ও গবেষনা সম্পাদক চন্দন ধর এর মাতার মৃত্যুতে শোক

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের তথ্য ও গবেষনা সম্পাদক চন্দন ধর এর মাতা শ্রীমতি পাখি বালা ধর এর মহাপ্রয়ানে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তারা ১৫ মে ২০১৮ খ্রি. এক যুক্ত শোক বার্তায় প্রয়াত পাখি বালা ধর এর আত্মার চির শান্তি ও সদগতি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন